

## ■■ যে সকল হারামকে মানুষ তুচ্ছ মনে করে থাকে

বিভাগ/অধ্যায়ঃ ৫৬. পরচুলা ব্যবহার করা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

পরচুলা ব্যবহার করা

আসমা বিনতে আবু বকর রাদিয়াল্লাহু 'আনহুমা বলেন,

«جَاءَت امْرَأَةٌ إِلَى النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَتْ: يَا رَسُولَ اللهِ إِنَّ لِي ابْنَةً عُرَيِّسًا أَصَابَتْهَا حَصْبَةٌ فَتَمَرَّقَ شَعْرُهَا أَفَأَصِلُهُ، فَقَالَ: «لَعَنَ اللهُ الْوَاصِلَةَ وَالْمُسْتَوْصِلَةَ»

"জনৈকা মহিলা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট এসে বলল, হে আল্লাহর রাসূল! আমার একটি সদ্য বিবাহিতা কন্যা আছে। হাম হওয়ার কারণে তার মাথার চুল পড়ে গেছে। আমি কি তাকে পরচুলা লাগিয়ে দেব? তিনি বললেন, 'যে পরচুলা লাগিয়ে দেয় এবং যে লাগাতে চায় আল্লাহ তা'আলা তাদেরকে অভিশাপ দিয়েছেন"।[1] জাবির ইবন আনুল্লাহ রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, তিনি বলেন,

«زَجَرَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ تَصِلَ الْمَرْأَةُ بِرَأْسِهَا شَيْئًا»

"নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মহিলাদের মাথার চুলে কোনো কিছু সংযোজন করার ব্যাপারে ধমক দিয়েছেন"।[2]

>

## ফুটনোট

- [1] সহীহ মুসলিম, হাদীস নং ২১২২।
- [2] সহীহ মুসলিম, হাদীস নং ২১২৬।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10084

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন